**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ঊনকোটি জেলার সবকটি তহশিল কাছারীতে আজ থেকে ই-অফিস ব্যবস্থাপনা চালু হয়েছে।**

**(২) ফের ট্রেন লাইনে ভূমিধ্বস। লামডিং বদরপুর রুটে ট্রেন চলাচল বন্ধ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে কোনও দেশেরই নিজের স্বার্থে গুরুত্বপূর্ণ খনিজ, প্রযুক্তি এবং সরবরাহ শৃঙ্খলকে অস্ত্র হিসেবে ব্যবহার করা উচিত নয়।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় ঐকতান যুব সংস্থা অপরাজিত চ্যাম্পিয়ন ও বীরেন্দ্র ক্লাব রানার্স হয়েছে।**

**************************************

**E-Office System-Unakoti :**

ঊনকোটি জেলার সবকটি তহশিল কাছারীতে আজ থেকে ই-অফিস ব্যবস্থাপনা চালু হয়েছে। রাজস্ব সচিব ব্রিজেশ পান্ডে আজ বিকালে কৈলাশহরে জেলাশাসক কার্যালয়ে এক অনুষ্ঠানে ঊনকোটি জেলার ১২টি তহশিল কাছারীর জন্য ই-অফিস ব্যবস্থাপনার ভার্চুয়ালভাবে উদ্বোধন করেন। এই উপস্থিত ছিলেন জেলাশাসক ডক্টর তমাল মজুমদার, গ্রামোন্নয়ন দপ্তরের অতিরিক্ত সচিব কুন্তল দাস, অতিরিক্ত জেলা শাসক এল. দারলং সহ মহকুমা শাসক এবং বি.ডি.ও-গণ। এই উপলক্ষ্যে ঊনকটি জেলায় ভারত সরকারের স্বচ্ছতা অভিযানের রূপায়ন ও অগ্রগতি বিষয়ে পর্যালোচনা বৈঠক ও আজ অনুষ্ঠিত হয়। পরে এক সাক্ষাৎকারে রাজস্ব সচিব শ্রী

পান্ডে বলেন, রাজস্ব বিভাগের অন্যতম গুরুত্বপূর্ণ সরকারী কার্যালয় হচ্ছে তহশিল। এখানে ই-অফিস ব্যবস্থাপনা চালু হবার কারণে সরকারী কাজে আরো গতি আসবে বলে তিনি উল্লেখ করেন।

****************************

**Landslides-Train services disrupted :**

ফের ট্রেন লাইনে ভূমিধ্বস। ফলে লামডিং-বদরপুর রুটে আজ পুনরায় ট্রেন চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়, লামডিং ডিভিশনের মুপা-ডিহাখো রেল ষ্টেশনের মাঝে পাহাড় লাইনে ধ্বস পড়েছে। এই ভূমি ধ্বস সরানো না পর্যন্ত এই লাইনে ট্রেন চলাচল বন্ধ থাকবে। যাত্রীদের সুবিধার্থে গুয়াহাটি, লামডিং, বদরপুর, শিলচর ও আগরতলা রেলষ্টেশনে হেল্পডেস্ক চালু করা হয়েছে।

লাইনে ভূমি ধ্বস পড়ায় আগরতলা থেকে যেসব যাত্রী ট্রেন নিয়ন্ত্রণ করা হয়েছে, সেগুলো হল, গতকালের কলকাতা-আগরতলা এক্সপ্রেস ট্রেন। ট্রেনটিকে গুয়াহাটিতে যাত্রা বিরতি করা হবে। ট্রেনটির যাত্রা গুয়াহাটি থেকে আগরতলা পর্যন্ত বাতিল করা হয়েছে। আজকের নির্ধারিত আগরতলা-আনন্দবিহার তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনটি আজকের পরিবর্তে আগামীকাল সন্ধ্যা ৬টায় রওয়ানা দেবে।

*****************************

**Package Story-Kharchi Story :**

ত্রিপুরার ঐতিহ্যবাহী খার্চি উৎসবের আজ পঞ্চম দিন। ১৬০৭ খৃষ্টাব্দে রাজা ত্রিলোচনের হাত ধরে শুরু হওয়া চতুর্দশ দেবতার পূজা আজও চলছে সাড়ম্বরে। সময়ের সঙ্গে সঙ্গে আধুনিকতার ছোঁয়ায় উজ্জ্বল হয়ে উঠেছে জাতি জনজাতির অন্যতম এই উৎসব খার্চি। একটি প্রতিবেদন।

##########VC###########

*****************************

**Rally-Trade Union :**

রাজ্যের বামপন্থী ট্রেড ইউনিয়ন ও সংযুক্ত কৃষাণ মোর্চার ডাকে আজ আগরতলা শহরে এক মিছিল সংঘটিত হয়। মিছিলটি সিআই টি ইউ রাজ্য দপ্তর থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে প্যারাডাইস চৌমুনীতে শেষ হয়। মিছিলে উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিপিএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, সহ বামপন্থী নেতৃবৃন্দ। প্যারাডাইস চৌমুনীতে আয়োজিত সভায় নেতৃবৃন্দ চারটি শ্রম কোড বাতিল করা, পুরনো পেনশন স্কিম পুনর্বহাল করা, বিদ্যুৎ সংশোধনী বিল বাতিল করা সহ ১৭ দফা দাবির স্বপক্ষে বক্তব্য রাখেন। সি আই টি ইউ রাজ্য সভাপতি মানিক দে বলেন, এই ১৭ দফা দাবির ভিত্তিতেই আগামী ৯ই জুলাই কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের যৌথ মঞ্চ ও বিভিন্ন গণসংগঠন দেশব্যাপী সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে।

INTUC-র সোনামুড়া জেলা কমিটির উদ্যোগে সোনামুড়া জেলা কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ ৯ই জুলাই দেশব্যাপী ধর্মঘটের সমর্থনে বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন কংগ্রেস নেতা হাবিল মিঞা ও সেফিও পারভীন প্রমুখ।

বিলোনিয়া শহরে বামপন্থীগন সংগঠনসমূহের আয়োজিত সভায় বক্তব্য রাখেন বিধায়ক দীপংকর সেন, প্রাক্তন বিধায়ক সুধন দাস ও সিটু নেতা বিজয় তিলক।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***********************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে কোনও দেশেরই নিজের স্বার্থে গুরুত্বপূর্ণ খনিজ, প্রযুক্তি এবং সরবরাহ শৃঙ্খলকে অস্ত্র হিসেবে ব্যবহার করা উচিত নয়। রিও ডি জেনেইরোতে ব্রিকস শীর্ষ সম্মেলনের সময় এক অধিবেশনে তিনি বলেন, গুরুত্বপূর্ণ খনিজ এবং প্রযুক্তিতে বৃহত্তর সহযোগিতার পাশাপাশি, তাদের সরবরাহ শৃঙ্খলগুলিকে সুরক্ষিত এবং স্থিতিস্থাপক করার উপর মনোযোগ দেওয়া প্রয়োজন। তিনি বলেন, একবিংশ শতাব্দীতে মানুষের অগ্রগতি এবং কল্যাণ মূলত প্রযুক্তির উপর, বিশেষ করে কৃত্রিম বুদ্ধিমত্তার উপর নির্ভরশীল।

*********************************

**PM-BRICS :**

ব্রিকস সম্মেলনের দ্বিতীয় দিনে আজ পরিবেশ, COP 30 এবং স্বাস্থ্য বিষয়ে রিও ডি জেনিরোতে একটি অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এতে পরিবেশগত পদক্ষেপের প্রতি ভারতের গভীর প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করবেন। তিনি জনগণের স্বার্থে এবং গ্রহের উন্নয়নের স্বার্থে ভারতের গৃহীত উদ্যোগগুলিও বিস্তারিতভাবে বর্ণনা করবেন। তিনি আন্তর্জাতিক সৌর জোট, দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামোর জন্য জোট, জৈব জ্বালানি জোট, বিগ ক্যাট মিশনের উদ্যোগগুলি তুলে ধরবেন। পরে দিনের শেষে জলবায়ু অর্থায়নের উপর একটি কাঠামো ঘোষণা ঘোষণা করা হবে। নেতারা সামাজিকভাবে নির্ধারিত রোগ নির্মূলের জন্য ব্রিকস অংশীদারিত্বের সূচনাও করবেন। তারপর প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় সফরের জন্য ব্রাজিলের রাজধানী ব্রাসিলিয়ায় যাবেন। ব্রাজিলে নিযুক্ত ভারতীয় রাষ্ট্রদূত দীনেশ ভাটিয়া

জানিয়েছেন যে আগামীকাল প্রধানমন্ত্রীর সফরকালে চারটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে।

*******************************

**ELI SCHEME :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার সর্বশেষ বৈঠকে এমপ্লয়মেন্ট লিঙ্কড ইনসেনটিভ বা ই.এল.আই স্কিমে অনুমোদন দেওয়া হয়েছে। এর লক্ষ্য কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ, বাস্তব জগতে প্রকৃত অর্থে দক্ষ হয়ে উঠতে কর্মীদের সহায়তা করা এবং একটি বিস্তৃত সামাজিক সুরক্ষা বলয় তৈরি করা। একটি প্রতিবেদন।

#########VC########

**************************

**AMC Meeting :**

পুর এলাকার নাগরিকদের পরিষেবা বৃদ্ধির বিষয় নিয়ে আজ আগরতলার পুর নিগমে এক বৈঠক অনুষ্ঠিত হয়। মেয়র দীপক মজুমদারের পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ নিশ্চিত করার বিষয়টি প্রাধান্য পায়। বৈঠকে উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, পুর নিগমের কর্পোরেটর ও জোনাল চেয়ারম্যানগণ এবং পূর্ত ও পানীয় জল স্বাস্থ্যবিধান দপ্তরের আধিকারিকগণ।

*******************************

**Bal Bibha Mukta Bharat :**

আগরতলায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কার্যালয়ে আজ বাল্য বিবাহ সম্পর্কিত সচেতনতার উপর একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডাঃ বিশাল কুমার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা। বৈঠকে জেলাশাসক বাল্যবিবাহ রোধে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন।

*****************************

**Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় জনগনের মধ্যে বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ করা হয়। বিশ্ব পরিবেশ দিবস উদযাপনের অঙ্গ হিসাবেই এই কর্মসূচি নেওয়া হয়েছে।

*****************************

**Blood Donation :**

সোনামুড়া মহকুমা হাসপাতালে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য কর্মীদের মধ্যে ২১ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

**Portal for Census :**

আসন্ন আদমশুমারির সময় স্ব-গণনার জন্য একটি বিশেষ ডেডিকেটেড ওয়েব পোর্টাল উপলব্ধ থাকবে। এটি ২০২৭ সালের আদমশুমারির উভয় পর্যায়ের জন্য উপলব্ধ থাকবে। সামাজিক মাধ্যমে ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং আদমশুমারি কমিশনার বলেছেন যে এটি দেশের প্রথম ডিজিটাল আদমশুমারি হবে এবং ইংরেজি, হিন্দি এবং আঞ্চলিক ভাষায় মোবাইল অ্যাপ ব্যবহার করে তথ্য সংগ্রহ করা হবে। এতে আরও বলা হয়েছে যে গণনাকারী এবং তত্বাবধায়করা তথ্য সংগ্রহের জন্য তাদের নিজস্ব মোবাইল ডিভাইস ব্যবহার করবেন।

এই আদমশুমারি দুটি পর্যায়ে পরিচালিত হবে। প্রথম পর্যায়ে, আবাসন তালিকা এবং আবাসন শুমারি ২০২৬ সালের এপ্রিল থেকে শুরু হবে। দ্বিতীয় পর্যায়ে জনসংখ্যা গণনা করা হবে।

********************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় ঐকতান যুব সংস্থা অপরাজিত চ্যাম্পিয়ন ও বীরেন্দ্র ক্লাব রানার্স হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ নৈশালোকে অনুষ্ঠিত বীরেন্দ্র ক্লাব ও নবোদয় সংঘের শেষ খেলাটি গোলশূন্য ড্র হয়। ফলে গোলের হিসেবে বীরেন্দ্র রানার্স হয়। পরে চ্যাম্পিয়ন দলের হাতে ট্রফি ও প্রাইজমানি তুলে দেন মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা। রানার্স দলকেও ট্রফি ও প্রাইজমানি দেয়া হয়।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, সিপাহীজলা, গোমতি ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৯ ডিগ্রি সেলসিয়াস।

*******************************